

# আমাদের মমু

## স্থায়ী শহীদ মিনার পেয়েছে ২১ স্কুল

নাদিম হোসাইন, মুক্তীগঞ্জ

৭ ফেব্রুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ৭ ফেব্রুয়ারি ২০২১ ০০:০৫



মুক্তীগঞ্জের ১নং ভবানীপুর প্রাথমিক বিদ্যালয়ে নির্মিত শহীদ মিনার

মুক্তীগঞ্জের ২১টি প্রাথমিক বিদ্যালয় প্রথমবারের মতো পেয়েছে স্থায়ী শহীদ মিনার। শিক্ষার্থীদের আর কলাগাছ দিয়ে বানানো অস্থায়ী শহীদ মিনারে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও জাতীয় দিবস উপলক্ষে শ্রদ্ধা জানাতে হবে না। এবার তারা স্থায়ী শহীদ মিনারে ভাষাশহীদদের শ্রদ্ধা জানাতে পারবে।

জেলার প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, ৬ উপজেলায় ৬১০টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে ২৫০টি প্রাথমিক বিদ্যালয়ে স্থায়ী শহীদ মিনার নির্মাণ হয়েছে। বাকি বিদ্যালয়গুলোতে নির্মাণ চলছে। এসব স্কুলে আগে অস্থায়ীভাবে কলাগাছ ও বাঁশ দিয়ে বানানো শহীদ মিনারে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করতে হতো শিক্ষার্থীদের।

জেলার কয়েকটি বিদ্যালয় ঘুরে দেখা গেছে- করোনার মধ্যেই ২১টি বিদ্যালয়ে স্থায়ী শহীদ মিনার নির্মাণ শেষ হয়েছে। করোনার কারণে স্কুল বন্ধ থাকলেও শিক্ষকদের প্রতিদিন স্কুলে যেতে হয়। স্কুলগুলোয় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে নতুন শহীদ মিনারে শ্রদ্ধা জানানোর প্রস্তুতি চলছে। গজারিয়া উপজেলার

১ নম্বর ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আগে শহীদ মিনার ছিল না। এ স্কুলের শিক্ষার্থীরা হেঁটে উপজেলার ভবেরচর ওয়াজির আলী বহুমুখী উচ্চ বিদ্যালয় গিয়ে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করত। এবার তারা নিজেদের স্কুলের শহীদ মিনারে শহীদদের শ্রদ্ধা জানাতে পারবে বলে বেজায় খুশি। স্কুলের পঞ্চম শ্রেণির শিক্ষার্থী সাজিয়া রহমান সিনহা ও চতুর্থ শ্রেণির আসফান হোসাইন জানাল শহীদ মিনার পেয়ে তারা খুব খুশি। তাদের এই সুযোগ করে দিয়েছে স্থানীয় দুটি ইউনিয়ন পরিষদ।

বিদ্যালয়টির প্রধান শিক্ষক কামরুন্নেসা জানান, ২০২০ সালের মার্চে লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ (এলজিএসপি-৩)-এর আওতায় শহীদ মিনারটি নির্মাণ করে দেয় দক্ষিণ হোসেন্দী ইউনিয়ন পরিষদ। এতে ব্যয় হয়েছে প্রায় দুই লাখ টাকা।

স্থায়ী শহীদ মিনার পাওয়া আরেকটি স্কুল হচ্ছে ১৭ নম্বর ভবেরচর সরকারি প্রাথমিক বিদ্যালয়। এ স্কুলের শিক্ষার্থীরাও ভবেরচর ওয়াজির আলী বহুমুখী উচ্চ বিদ্যালয়ে গিয়ে শহীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করত। স্কুলটির প্রধান শিক্ষক শাহিনুর আক্তার জানান, ভবেরচর ইউনিয়ন পরিষদের উদ্যোগে শহীদ মিনার নির্মাণ করা হয়েছে। এতে প্রায় দেড় লাখ টাকা ব্যয় হয়েছে।

শ্রীনগর উপজেলার বীরতারা সরকারি প্রাথমিক বিদ্যালয়ও পেয়েছে স্থায়ী শহীদ মিনার। বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির শিক্ষার্থী লাইক সাহনি বলে, গত বছর কলাগাছ দিয়ে বানানো ও বর্ণ দিয়ে সাজানো শহীদ মিনারে ভাষাশহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়েছি। এ বছর আমাদের স্কুলে শহীদ মিনার হওয়ায় আমরা খুব খুশি। নতুন শহীদ মিনার পেয়ে উচ্ছ্বসিত অভিভাবক মাহমুদা আক্তারও।

জেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার মো. নজরুল ইসলাম বলেন, জেলায় ৬১০টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে ২৫০টিতে স্থায়ীভাবে শহীদ মিনার নির্মাণ শেষ হয়েছে। বাকিগুলোর কাজও দ্রুতগতিতে চলছে। তিনি বলেন, স্কুলের শিক্ষার্থী ছাড়াও স্থানীয়রাও এসব শহীদ মিনারে শ্রদ্ধা নিবেদন করতে পারবেন।

**ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার**

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৮

ই-মেইল : [news@dainikamadershomoy.com](mailto:news@dainikamadershomoy.com), [editor@dainikamadershomoy.com](mailto:editor@dainikamadershomoy.com)

মতুন খারাত সৈনিক  
**আমাদের ময়**

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

[Privacy Policy](#)